Avpita Chanda
12.11.18

# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## Selection Test – 2018

**Sub: Bengali (model Answer)** **Class: 12·** **F.M: 80**

**Duration: 3 hours 15 minutes** **Date: 2.11.2018**

বিভাগঃ খ (নম্বরঃ৩০)

১।সঠিক বিকল্পটি নির্বাচন করোঃ ১×১৮=১৮

১.১ নিখিল কাকে সবচেয়ে ছোঁয়াচে মনে করে--

ক)দরদকে

১.২ বিখ্যাত চিত্র "অন্তিম শয্যায় শাহজাহান"-এর চিত্রকর হলেন—

ক)অবনীন্দ্রনাথ ঠাকুর

১.৩ রাঢ় বাংলার শীতের বৃষ্টিকে ভদ্রলোকেরা বলে —

খ)পউষে বাদলা

১.৪ "বাঙালিরা কাঁদুনে জাত" –উক্তিটি করেছিলেন--

ঘ)বল্লভভাই।

অথবা

কালীনাথবাবু হলেন থিয়েটারের একজন---

গ)প্রম্পটার

১.৫ উৎসব কে বড়ো বাড়িতে নিয়ে এসেছে—

ঘ)বাসিনী।

১.৬ "ক্রন্দনরতা জননীর পাশে"—কবিতায় কবির কাছে কবিতা হল--

ক)প্রতিবাদের হাতিয়ার

১.৭ কালো বিড়ালের লোম আনতে কে গেছে?

খ)ভজন চাকর

১.৮ "শিল্পকে যে মানুষ ভালোবেসেছে তার নেই"--

খ)বার্ধক্য

অথবা

সংস্কৃত পরীক্ষায় অমর কত পেয়েছিল?

ঘ)তেরো।

১.৯ 'এখানে অসহ্য'—'এখানে' বলতে কোথায় বোঝানো হয়েছে?

ক)মহুয়ার দেশ

১.১০ '... সারারাত মাঠে/আগুন জ্বেলেছে'—কারা আগুন জ্বেলেছে?

খ)দেশোয়ালিরা

১.১১ 'শিকার' কবিতায় কোন কোন গাছের কথা আছে?

ক)মেহগনি,সুন্দরী,অর্জুন

১.১২ দ্বিতীয় ফ্রেডারিক কত বছরের যুদ্ধে জিতেছিলেন?

গ)৭ বছর

অথবা

কার নাম শুনে বলী কান্ধারী খুব রেগে গিয়েছিল?

খ)গুরু নানক

১.১৩ "এমনি সময় হঠাৎই একজন সাহেবের লেখা পড়লাম" –সাহেবের নাম--

খ) আইজেনস্টাইন

অথবা

রজনীকান্ত কোন ঐতিহাসিক চরিত্রের পোশাক পরে মঞ্চে প্রবেশ করলেন?

খ)দিলদারের

১.১৪ "এটা পাশবিক স্বার্থপরতা"—বক্তা হলেন--

ক)মৃত্যুঞ্জয়

১.১৫ 'মেঘে ঢাকা তারা' ছায়াছবিটি তৈরি করেছিলেন--

ঘ)ঋত্বিক ঘটক।

১.১৬ বাংলা সাহিত্যে ননসেন্স এর প্রবর্তক কে?

খ)সুকুমার রায়

১.১৭ সর্বজনীন ব্যাকরণ বা Universal Grammar-এর সূত্রপাত করেছিলেন—

খ)নোয়াম চমস্কি

১.১৮ বিশুদ্ধ ওষ্ঠ্য ধ্বনি হলো—

ক) প

**২।অনধিক ২০ টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাওঃ** ১×১২=১২

২.১ "দূরদর্শী লোক ছিলেন"—কার সম্পর্কে এই উক্তি?

---মহাশ্বেতা দেবী রচিত 'ভাত' গল্পে বড়ো বাড়ির বুড়ো কর্তার সম্পর্কে এই উক্তি।

২.২ "আমি কি তাকাব আকাশের দিকে"—কবি কখন আকাশের দিকে তাকানোর কথা বলেছেন?

--- মৃদুল দাশগুপ্ত রচিত 'ক্রন্দনরতা জননীর পাশে' কবিতায় কবি ,নিখোঁজ মেয়েটির ছিন্নভিন্ন দেহ জঙ্গলে পেয়ে আকাশের দিকে তাকিয়ে বিধির বিধানের অপেক্ষা না করে প্রতিবাদে মুখর হতে বলেছেন।

২.৩ "একটি তারা এখন আকাশে রয়েছে"—একটি তারা আকাশে কীভাবে রয়েছে?

--- জীবনানন্দ দাশ রচিত 'শিকার' কবিতায় কবি আকাশের তারাটির সঙ্গে তুলনা করেছেন পাড়াগাঁর বাসর ঘরের গোধূলিমদির মেয়েটির সঙ্গে,কখনও বা মিশরের রহস্যময়ী রমণীর সঙ্গে।

২.৪ 'বিরাট আর্মাডা যখন ডুবল'-আর্মাডা কী?

--- বের্টোল্ট ব্রেখট রচিত এবং শঙ্খ ঘোষ অনূদিত 'পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন' কবিতায় আর্মাডা হল স্পেনের রণতরী।প্রথম এলিজাবেথের শাসঙ্কালে যার শোচনীয় পরাজয় ঘটে।

অথবা: কীভাবে ঝরনার জল বেরিয়ে এসেছিল?

--- কর্তার সিং দুগগাল রচিত 'অলৌকিক' গল্পে ,গুরু নাঙ্কের নির্দেশমতো মর্দানা পাথরটা সরাতেই ঝরনার জল বেরিয়ে এসেছিলো।

২.৫ "এসেছে সে ভোরের আলোয় নেমে"—কার কথা বলা হয়েছে?ভোরের আলোয় নেমে এসে সে কী করছিল?

--- জীবনানন্দ দাশ রচিত 'শিকার' কবিতায় সারারাত জীবন সংগ্রামে ক্লান্ত সুন্দর বাদামি হরিণটির কথা বলা হয়েছে।ভোরের আলোয় সে নেমে এসে বাতাবি লেবুর মতোন সুগন্ধী ঘাস ছিঁড়ে খেয়েছিল এবং ক্লান্ত শরীর টাকে আবেশ দেওয়ার জন্য নদীর জলে নেমেছিল।

২.৬ সহধ্বনি কাকে বলে?

--- কোন ধ্বনিমূল পূর্ববর্তী বা পরবর্তী ধ্বনির প্রভাবে যে একাধিক রূপে উচ্চারিত হয়,সেই উচ্চারিত রূপটিকে বলা হয় সহধ্বনি।বস্তুত ধ্বনিমূল হল কল্পনা এবং সহধ্বনি হল তার বাস্তব রূপ।যেমন / ল/ এর তিনটি সহধ্বনি আছে।

২.৭ 'আপনি বামুন মানুষ মিছে কথা বলব না'—বক্তা কোন সত্যি কথাটি বলেছিল?

---অজিতেশ বন্দ্যোপাধ্যায় রচিত 'নানা রঙের দিন' নাটকে কালীনাথ,তার লুকিয়ে ঘুমানো প্রসঙ্গে রজনীকান্ত কে এই উক্তিটি করেন।

<u>অথবা</u>: শম্ভু মিত্রের মতে বিভাব নাটকের কী নামকরণ হওয়া উচিত এবং কেন?

---শম্ভু মিত্রের মতে 'বিভাব' নাটকের নাম 'অভাব' হওয়া উচিত।কারণ চুরান্ত অভাব থেকে এই নাটকের জন্ম।

২.৮ গুচ্ছধ্বনি বলতে কি বোঝ?

--- পাশাপাশি উচ্চারিত দুটি ব্যঞ্জন ধ্বনির সমাবেশ কে গুচ্ছধ্বনি বলা হয়।যেমন বস্তা শব্দে 'স্ত' হল গুচ্ছধ্বনির উদাহরণ।

২.৯ গানটি ফিল্মি কায়দায় গাওয়া হয়েছিল'—কোন গানের কথা বলা হয়েছে?

--- শম্ভু মিত্র রচিত 'বিভাব' নাটকে রবীন্দ্রনাথ ঠাকুরের 'মালতীলতা দোলে'—এই গানটির কথা বলা হয়েছে।

<u>অথবা:</u> 'পুত্র রাজনীতি বড় কূট'—'নানা রঙের দিন' নাটকে এই অংশটি কার লেখা কোন নাটকের অন্তর্গত?

---অজিতেশ বন্দ্যোপাধ্যায় রচিত 'নানা রঙের দিন' নাটকে এই অংশটি দ্বিজেন্দ্রলাল রায়ের লেখা 'সাজাহান'নাটকের অন্তর্গত।

২.১০ থিসরাস কি?

--- থিসরাস শব্দের বুৎপত্তিগত অর্থ হল রত্নাগার।শব্দার্থের বিশাল জগৎকে সুশৃঙ্খলভাবে বিন্যাস করার একটি নিদর্শন হল থিসরাস।সংস্কৃত ভাষায় 'অমর কোষ' এর উদাহরণ।

২.১১ 'নামুক মহুয়ার গন্ধ'—কোথায় মহুয়ার গন্ধ নেমে আসার কথা বলা হয়েছে?

--- কবি সমর সেন তার মহুয়ার 'দেশে' কবিতায় কবি তার ক্লান্তির উপর মহুয়ার গন্ধ নেমে আসার কথা বলেছেন।

২.১২ "এভাবে দেশের লোককে বাঁচানো যাবে না"—কার উক্তি?বক্তার এই উক্তির কারণ কী?

--- মানিক বন্দ্যোপাধ্যায় রচিত 'কে বাঁচায়,কে বাঁচে' গদ্যে আলোচ্য উক্তিটি নিখিলের।?নিখিলের মনে হয় দেশের মানুষকে জাগিয়ে তুলতে হবে সংঘবদ্ধ ভাবে এই অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদের জন্য।

**বিভাগ-ক (নম্বরঃ৫০)**

(উত্তর হবে চলিত ভাষায়।বানান ভুল,অপরিষ্কার,অপরিচ্ছন্ন লেখার জন্য নম্বর কাটা যেতে পারে।উত্তর হবে যুক্তিপূর্ণ,বিশ্লেষণধর্মী ও ধারাবাহিক।প্রয়োজনে প্রসঙ্গ উল্লেখ করতে হবে।)

**১। অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ** ৫×১=৫

১.১ 'ভিক্ষা দেওয়ার মতো অস্বাভাবিক পাপ যদি আজও পুণ্য হয়ে থাকে,জীবনধারণের অন্নে মানুষের দাবি জন্মাবে কিসে?"—বক্তা কে?মন্তব্যের আলোকে বক্তার চরিত্রটি ব্যাখ্যা করো।১+৪

--- বক্তা হল নিখিল।লেখক মানিক বন্দ্যোপাধ্যয়ের শ্রেণিশোষণহীন সমাজের ভাবনাটি ফুটে উঠেছে নিখিলের মধ্যে।নিখিল বই পড়ে তার ভাবনার জগৎটিকে গড়ে তুলেছে।সে মনে করে দেশের মানুষের সমবেত জাগরণের মধ্য দিয়েই প্রতিষ্ঠিত হবে জীবনধারণের অন্নে তার অধিকারের প্রশ্নটি।এইসব চারিত্রিক বৈশিষ্ট্যের আলোকে ব্যাখ্যা করতে হবে নিখিল চরিত্রটি।

১.২ 'ভারতবর্ষ' গল্পে বুড়ির চেহারা,পোশাক ও মেজাজের বর্ণনা দাও। ৫

--- 'ভারতবর্ষ' গল্পে বুড়ির চেহারা,পোশাক ও মেজাজের বর্ণনা গল্প অনুসরণ করে দিতে হবে।বুড়ির মধ্য দিয়েই যে ভারতবর্ষের বিভেহীন সাম্যবাদের রূপটি প্রকাশ পেয়েছে,তা ব্যাখ্যা করতে হবে।

**২ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

২.১ "রূপনারানের কূলে জেগে" উঠে কবি কি উপলব্ধি করলেন তা নিজের ভাষায় বিবৃত করো।

--- "রূপনারানের কূলে জেগে" কবিতায় কবির জীবনের প্রকৃত স্বরূপ উন্মোচিত হয়েছে।জীবন যে নিরন্তর প্রবাহের অন্য নাম এবং এই জীবনের অন্যতম কঠোর বাস্তব হচ্ছে সত্যের নির্মম রূপ,তা কবিতা অবলম্বনে ব্যাখ্যা করতে হবে।

২.২ 'ঐ সবুজের ভীষণ দরকার'—সবুজের দরকার কেন?

--- নাগরিক ক্লান্তিতে অবসন্ন কবি মনে সতেজতা দেওয়ার জন্য প্রয়োজন ওই সবুজের,যার মধ্যে রয়েছে প্রাণশক্তির প্রাচুর্য।

**৩ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৩.১ 'স্ত্রীর দুঃখটাই প্রধান সেখানে।স্বামীটা তো অবান্তর'—এরকম মন্তব্যের কারণ কী?

--- ' বিভাব' নাটকে শম্ভু মিত্র নাটকে অভিনয়ের গুরুত্ব বোঝানোর জন্য বিদেশী নাটক থেকে এই উদাহরণটি দিয়েছেন।যেখানে দেখা যাচ্ছে যে দর্শক স্বামীর মৃত্যুর পর স্ত্রীর দুঃখের সঙ্গে একাত্ম হয়ে যাচ্ছে।

৩.২ 'তুমি থিয়েটারওয়ালা--একটা নকলনবীশ—একটা অস্পৃশ্য ভাঁড়'—বক্তা কে?বক্তার এরূপ উক্তির কারণ কী?১+৪

--- বক্তা হল রজনীকান্ত চট্টোপাধ্যায়।রজনী তার অভিনেতা জীবনের অভিজ্ঞতা বর্ণনা প্রসঙ্গে এই উক্তি করেছেন।তার মনে হয় অভিনেতার অভিনয় দেখে দর্শক যতই হাততালি দিক না কেন,দিনের শেষে তার মূল্যায়ণ এইভাবেই করে।

**৪ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৪.১ 'পাঞ্জাসাহেব পৌঁছে এক আশ্চর্য ঘটনার কথা জানতে পারি'-আশ্চর্য ঘটনাটির বর্ণনা দাও।

---'পাঞ্জাসাহেব এ বন্দী ভারতীয়দের খাবার ও জল পৌছে দেওয়ার জন্য সেদিন মানুষ নিজের মৃত্যুর বিনিময়ে যে আত্মত্যাগ করেছিল,তা গল্প অবলম্বনে বর্ণনা করতে হবে।

৪.২ 'পাতায় পাতায় জয়/জয়োৎসবের ভোজ বানাত কারা?' কারা 'জয়োৎসবের ভোজ বানাত'?এই প্রশ্নের মাধ্যমে বক্তা কী বলতে চেয়েছেন ?১+৪

--- শ্রমজিবী মানুষেরা 'জয়োৎসবের ভোজ বানাত'।আমাদের প্রথাগত ইতিহাস শ্রমজীবি মানুষদের শ্রমের যথাযথ মূল্যায়ণ করে না।যারা সারা জীবন অক্লান্ত পরিশ্রম করে এই সভ্যতা কে চলমান রেখেছে তারা থেকে যায় উপেক্ষিত,অনালোচিত—এই প্রসঙ্গটি কবিতা অনুসরণে ব্যাখ্যা করতে হবে।

**৫ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ     ৫×১=৫**

৫.১ হাতিবেগার আইন কী ছিল?তা কী করে বন্ধ হয়?২+৩

--- 'আমার বাংলা' গ্রন্থে 'গারো পাহাড়ের নীচে' গদ্যাংশে এই হাতিবেগার আইন এর কথা পাওয়া যায়।জমিদারের হাতি ধরার শখ মেটানোর জন্য সাধারণ নিরীহ মানুষদের প্রাণ কে বাজি রাখা হত।গোরাচাঁদ মাস্টারের নেতৃত্বে কীভাবে এই আইন বন্ধ হয়,তা পাঠ্যাংশ অবলম্বনে ব্যাখ্যা করতে হবে।

৫.২ দাফা কে?তার স্বপ্ন কী পূরণ হয়েছিল?১+৪

--- দাফা হল এক অনাথ বালক,যে ছোটবেলায় ছিল গরুচোর।পরবর্তীকালে ললিত তাকে আশ্রয় দেয়।স্বাধীনতা নিয়ে দাফার স্বপ্ন ও স্বপ্নভঙ্গের কথা 'আমার বাংলা' গ্রন্থের ভূমিকা অবলম্বনে লিখতে হবে।

**৬ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ     ৫×১=৫**

৬.১ গঠনগতভাবে বাক্যকে কটি ভাগে ভাগ করা যায় তা আলোচনা করো। ৫

--- গঠনগতভাবে বাক্যের শ্রেণিবিভাগ গুলি উদাহরণ সহ আলোচনা করতে হবে।(দ্রষ্টব্য-বাংলা ভাষা শিল্প সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস।পৃষ্ঠা- ১২৯-১৩০)

৬.২ রূপমূলের শ্রেনিবিভাগ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

--- উদাহরণ সহরূপমূলের শ্রেনিবিভাগ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করতে হবে।(দ্রষ্টব্য-বাংলা ভাষা শিল্প সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস।পৃষ্ঠা- ১২৫-১২৬)

**৭ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ     ৫×২=১০**

৭.১ পটশিল্প কাকে বলে?পটশিল্পের ধারায় যামিনী রায়-এর অবদান উল্লেখ করো।

--- পটশিল্প কাকে বলে তা উল্লেখ করে পটশিল্পের ধারায় যামিনী রায়-এর অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করতে হবে।(দ্রষ্টব্য-বাংলা ভাষা শিল্প সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস।পৃষ্ঠা-৩৩-৩৫,৩৯-৪০)

৭.২ বাংলা গানের ইতিহাসে অতুলপ্রসাদ সেন এর অবদান আলোচনা করো।

--- বাংলা গানের ইতিহাসে অতুলপ্রসাদ সেন এর অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করতে হবে।(দ্রষ্টব্য-বাংলা ভাষা শিল্প সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস।পৃষ্ঠা- ১৪-১৫)

৭.৩ বাংলা চলচ্চিত্রের ইতিহাসে ঋত্বিক ঘটকের অবদান আলোচনা করো।

--- বাংলা চলচ্চিত্রের ইতিহাসে ঋত্বিক ঘটকের অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করতে হবে।(দ্রষ্টব্য-বাংলা ভাষা শিল্প সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস।পৃষ্ঠা- ৫১-৫৩)

৭.৪ সাঁতারে বাঙালির অবদানের সংক্ষিপ্ত পরিচয় দাও।

--- সাঁতারে বাঙালির অবদানের সম্পর্কে সংক্ষেপে আলোচনা করতে হবে।(দ্রষ্টব্য-বাংলা ভাষা শিল্প সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস।পৃষ্ঠা- ৯৪-৯৫)

**৮ নিম্নলিখিত যে কোনো ১টি বিষয় নির্বাচন করে নির্দেশ অনুসারে কমবেশি ৪০০ শব্দের মধ্যে ১টি প্রবন্ধ রচনা করোঃ**

প্রবন্ধের সূত্র অবলম্বন করে বিস্তারিত ভাবে চলিত ভাষায় লিখতে হবে।প্রবন্ধটি হবে যুক্তিপূর্ণ,বিশ্লেষণধর্মী ও ধারাবাহিক।